

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩।

www.bpatc.org.bd


নং-০৫.০১.২৬৭২.১২৫.১৮.৬৫১.১১- ৫০৭

তারিখ: ০৬/০২/১৪২৫ বঙ্গাব্দ
১৭/০৫/২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (বিপিএটিসি) কর্মচারীগণের ছুটি গ্রহণ/প্রদান সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত নির্দেশনার অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী নির্দেশনা অনুযায়ী সকল কর্মচারীর কর্মস্থল বা কর্ম এলাকায় সার্বক্ষণিক অবস্থান করা বাধ্যতামূলক। কর্মদিবসে ছুটি গ্রহণ করে কর্মে অনুপস্থিত থাকার পাশাপাশি কোন কর্মচারী কর্মদিবসে বা সাপ্তাহিক/সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ করে কর্মস্থল বা কর্ম এলাকা ত্যাগ করবেন মর্মে সরকারী নির্দেশনা রয়েছে। বিপিএটিসিতে কর্মরত কর্মচারীগণ বিপিএটিসি ক্যাম্পাস, পাশ্চাত্তী এলাকা এবং ঢাকা শহরে অবস্থান করেন। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে, বিপিএটিসির কর্মচারীগণ ছুটিকালে বা সাপ্তাহিক/সরকারি ছুটির দিনে বিনা অনুমতিতে কর্মস্থল/কর্ম এলাকার (ঢাকার) বাইরে যাচ্ছেন। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল/কর্ম এলাকা ত্যাগ কোন ক্রমেই বাঞ্ছনীয় নয়।

২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছুটি ও কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ না করে কর্মদিবস অথবা সাপ্তাহিক/সরকারি ছুটির দিনে কর্মস্থল/কর্ম এলাকা (ঢাকা) ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ আঃ রাজ্জাক সরকার
পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ১। কর্মচারী (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। পিএসটু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।